গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.doia.gov.bd

স্মারক নং-২৫.৪৬.০০০০.০০১.১১.৩৫১.২৩-১৮১

৩১ জ্যৈষ্ঠ, ১৪৩০
তারিখ:--------------------।
১৪ জুন, ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/ মহিলা) নিকট হতে কেবলমাত্র অনলাইনে (http://doia.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | অডিটর<br>গ্রেড-১১<br>বেতন স্কেল : ১২৫০০-৩০২৩০/- | ১৫(পনের) টি<br>(পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি পেতে পারে)<br>পদের প্রকৃতি : স্থায়ী | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। | (ক) ময়মনসিংহ, শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, লক্ষীপুর, দিনাজপুর, পিরোজপুর ।<br>(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০/- | ১(এক) টি<br>পদের প্রকৃতি : স্থায়ী | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরিকে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | - |
| ৩ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি<br>পদের প্রকৃতি : স্থায়ী | কোনো স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | - |
| ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি<br>(পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি পেতে পারে)<br>পদের প্রকৃতি : স্থায়ী | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরিকে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | - |
| ৫ | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি<br>পদের প্রকৃতি : স্থায়ী | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;<br>(গ)অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | - |
| ৬ | ডেসপাস রাইডার<br>গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ১(এক) টি<br>পদের প্রকৃতি : স্থায়ী | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মটর সাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | - |
| ৭ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ২(দুই) টি<br>(পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি পেতে পারে)<br>পদের প্রকৃতি : স্থায়ী | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক) ঢাকা, গাজীপুর, বগুড়া, বাগেরহাট, বরিশাল, হবিঞ্জ।<br>(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**২। নিম্নলিখিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. নিয়োগ বিজ্ঞপ্তি www.doia.gov.bd এবং http://doia.teletalk.com.bd তে পাওয়া যাবে।

খ. প্রার্থীদের বয়স ২০.০৬.২০২৩ খ্রিঃ তারিখে ন্যুনতম ১৮(আঠার) বছর এবং ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর তারা আবেদনের যোগ্য। মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হলে তারাও আবেদনের যোগ্য হবেন। তবে বীরমুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স সীমা ৩০(ত্রিশ) বছর পর্যন্ত।

গ. সংশ্লিষ্ট পদে উপযুক্ত প্রার্থী নির্বাচনের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঘ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পুরণ সাপেক্ষে আবেদনপত্র পুরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোয্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মুলকপি জমা দিতে হবে।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মুলকপি প্রর্দশন করতে হবে এবং Application Form সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- কন্যা বা পুত্র- কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার-পুত্র-কন্যা তার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩। আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://doia.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

iii) Online আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ ও সময় ২০.০৬.২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা হতে।

iv) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৯.০৭.২০২৩ খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন পত্র Submit করার পুর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online- এ আবেদন পত্র (Application Form)যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন পত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকের(গ্রেড-১১) পদের জন্য ৩০০/-টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৪.০০ টাকা মোট ৩৩৪/-(তিনশত চৌত্রিশ) টাকা, ২-৫ নং ক্রমিকের(গ্রেড-১৩-১৬) ২০০/-টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ৬-৭ নং ক্রমিকের (গ্রেড-১৭-২০) ১০০/-টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা মোট ১১২/-(একশত বার) টাকা (অফেরৎযোগ্য) অনধিক ৭২( বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online- এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : DOIA <space> USER ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DOIA ABCDEF
Reply: Applicant's Name, TK. 334/223/112 will be charged application fee. your pin is 12345678. To pay fee type DOIA <space> YES<space> PIN and send to 16222
দ্বিতীয় SMS: DOIA <space> YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DOIA YES 12345678
Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for DOIA Application for the post of XXXXXXXXXX USER ID is (ABCDEF) and password(XXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://doia.teletalk.com.bd অথবা অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.doia.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি,পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

iii) USER ID জানা থাকলে: DOIA<space>Help<space>USER<space>USER ID & send to 16222 নম্বরে।

iv) PIN Number জানা থাকলে: DOIA<space>Help <space>PIN<space>PIN No & send to 16222 নম্বরে।
Example: DOIA Help PIN 12345678

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পরলে বা কোন প্রতারণা বা দূর্নীতি আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.doia.gov.bd এবং http://doia.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র মোবাইল অপারেটর টেলিটক এর জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.doia.gov.bd ওবেসাইট হতে জানা যাবে।

(ট) চাকরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ঠ) Online আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। এ ছাড়াও অথবা- vas.query@teletalk.com.bd অথবা alljobs.teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/ alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DOIA Post Name****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ আবদুল হক)
সহকারী পরিচালক(প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বচন কমিটি।